

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৪৭

২৪/ হজের নিয়ম পদ্ধতি (كتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ৫২. মুহরিম ব্যক্তির নিয়্যত ব্যতীত হজ্জ আদায় করা

الْحَجُّ بِغَيْرِ نِيَّةٍ يَقْصِدُهُ الْمُحْرِمُ

আরবী

أَخْبَرَنِي أَحْمَدُ بْنُ مُحَمَّد بْنِ جَعْفَوٍ قَالَ حَدَّثَنِي يَحْيَى بْنُ مَعِينٍ قَالَ حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَقَ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ الْبَرَاءِ قَالَ كُنْتُ مَعَ عَلِيِّ حِينَ أَمَّرَهُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْيَمَنِ فَأَصَبْتُ مَعَهُ أَوَاقِي فَلَمَّا قَدِمَ عَلِيُّ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ عَلِيٌّ وَجَدْتُ فَاطِمَةَ قَدْ نَضَحَتْ الْبَيْتَ بِنَضُوحٍ قَالَ فَتَخَطَّيْتُهُ فَقَالَتْ لِي مَا لَكَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أَمَرَ أَصْحَابَهُ فَأَحَلُوا قَالَ قُلْتُ إِنِّي أَهْلَلْتُ بِإِهْلَالِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فَأَتَيْتُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لِي كَيْفَ صَنَعْتَ قُلْتُ إِنِي أَهْلَلْتُ بِمَا أَهْلَلْتَ قَالَ فَإِنِي قَدْ سُقْتُ الْهَدْيَ وَسَلَّمَ فَقَالَ لِي كَيْفَ صَنَعْتَ قُلْتُ إِنِي أَهْلَلْتُ بِمَا أَهْلَلْتُ قَالَ فَإِنِي قَدْ سُقْتُ الْهَدْيَ

বাংলা

২৭৪৭. আহমদ ইবন মুহাম্মদ ইবন জাফর (রহঃ) ... বারা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি আলী (রাঃ)এর সাথে ছিলাম, যখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে ইয়ামনে আমীর নিযুক্ত করে পাঠান। তার সাথে
আমি কিছু মুদ্রা পেলাম। যখন আলী (রঃ) নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলেন তখন আলী (রাঃ)
বললেনঃ আমি ফিরে ফাতিমা (রাঃ)-কে পেলাম। সে তার ঘরকে নাদূহ সুগন্ধি দ্বারা সুরভিত করে রেখেছে। আমি
তার নিকট থেকে দূরে রইলাম। সে আমাকে বললােঃ আপনার কি হলাে? রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ আলাইহি
ওয়াসাল্লাম তাঁর সাহাবীগণকে ইহরাম ভঙ্গ করার আদেশ করেছেন, এবং তঁরা ইহরাম ভঙ্গ করেছেন। আলী (রাঃ)
বলেন, আমি বললামঃ আমি তাে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিয়তে নিয়তে করেছি। তিনি
বলেন, তারপর আমি নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলাম। তিনি আমাকে বললেনঃ তুমি কি
করেছে? আমি বললামঃ আমি আপনার নিয়্যতে নিয়্যত করেছি। তিনি বললেনঃ আমি তাে কুরবানীর পশু পাঠিয়ে
দিয়েছি এবং হজ্জে কিরান করেছি।



English

It was narrated that Al-Bara' said:

"I was with 'Ali when the Messenger of Allah appointed him as governor of Yemen. When 'Ali came to the Messenger of Allah, 'Ali said: 'I found that Fatimah had perfumed the house with perfume.' He said: 'I tried to avoid it, and she said to me: what is the matter with you? The messenger of Allah told his Companions to exit Ihram.' He said: 'I said: I have entered Ihram for that for which the Prophet entered Ihram."" He said: 'So I went to the Prophet and he said to me: "What did you do?" I said: "I entered Ihram for that for which you entered Ihram." He said: "I have brought the Hadi and am performing Qiran."

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। সহীহ আবু দাউদ ১৫৭৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন